

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
(প্রশাসন শাখা)
www.doict.gov.bd

স্মারক নম্বর- ৫৬.০০.০০০০.০০৮.২৩.০০৭.১৯. ২৫০৭

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ,


বিষয়: আগামী ১২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” আয়োজন উপলক্ষে মোবাইল শৌচাগার স্থাপন প্রসঙ্গে।

সূত্র: আইসিটি বিভাগের স্মারক নম্বর ৫৬.০০.০০০০.০২৬.২৩.০৪২.১৭ (২য় খন্ড)-৭৫; তারিখ: ১৭/১১/২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশব্যাপী বর্ণাঢ্যভাবে ৩য় বারের মত “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উদ্‌যাপিত হবে। এ বছরে দিবসটির প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে “সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে”। উল্লেখ্য বর্তমান সরকারের ঘোষিত রূপকল্প ২০২১ তথা “ডিজিটাল বাংলাদেশ” বিনির্মাণের মাধ্যমে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে রূপকল্প ঘোষণার দিনের (১২ ডিসেম্বর ২০০৮) গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে মন্ত্রিসভা বৈঠক ১২ ডিসেম্বরকে “ডিজিটাল বাংলাদেশ দিবস” হিসেবে পালনের অনুমোদন দেয়।

২। আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)-তে এ দিবসের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি প্রধান অতিথির আসন অলংকৃত করতে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। মন্ত্রিপরিষদ বিভাগের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় সংসদ সদস্যবৃন্দ, বিদেশী কূটনৈতিকবর্গ, সরকারী/বেসরকারী পর্যায়ের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, দেশ-বিদেশী আইসিটি বিশেষজ্ঞ ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। মূল অনুষ্ঠানের পর ঐদিন বিকাল ০৩:০০ টায় ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে দিবসটিকে স্মরণীয় রাখার জন্য একটি মনোজ্ঞ কনসার্ট (কনসার্ট ফর ডিজিটাল বাংলাদেশ) অনুষ্ঠিত হবে। মূল অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্ত দেশের বিভিন্ন জেলা হতে মোট ১৫০০ জন নারী উদ্যোক্তা ও ৫০০ জন পুরুষ উদ্যোক্তাগণ ঢাকায় আগমন করবেন। তাদের সাময়িক থাকাসহ অন্যান্য কার্যাদি সম্পন্নের নিমিত্ত বাণিজ্য মেলার মাঠে তাবু প্রস্তুত করা হবে। প্রস্তুতকৃত তাবুতে ২০০০ জনের মলমূত্র ত্যাগের নিমিত্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে প্রয়োজনীয় সংখ্যক মোবাইল শৌচাগার স্থাপন করা প্রয়োজন। উল্লেখ্য যে, দিবস উপলক্ষে আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে আগত উদ্যোক্তাগণ সকাল ০৬:০০ টা হতে দুপুর ০৩:০০ পর্যন্ত অবস্থান করবেন।

৩। এমতাবস্থায়, আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে বাণিজ্য মেলার মাঠে প্রয়োজনীয় সংখ্যক মোবাইল শৌচাগার স্থাপন নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(এ. বি. এম. আরশাদ হোসেন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০ ২ ৮১৮১১০০
ইমেইল: dg@doict.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
গুলশান-২, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। মেয়রের একান্ত সচিব, মেয়রের দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। জনাব,
- ৭। অফিস কপি।